

২৭। প্রিয় পিতা, জাপানী বয়স্ক লোকদের নিরাপদে রাখো। তারা যেন জানতে পারে যে তুমি সর্বদা তাদের সঙ্গে আছো, এমন কি মৃত্যু পর্যন্ত। মণ্ডলীর সদস্যরা যেন তাদের সঙ্গে সময় অতিবাহিত করে এবং তাদেরকে খ্রীষ্টের কাছে পরিচালিত করে। (যিশাইয় ৪৬:৪)

২৮। যে সকল দেশে শিশুরা যাদের দ্বারা নির্যাতিত হয় তাদের যেন বিচার হয় এবং তাদের হৃদয় যেন পরিবর্তিত হয় তার জন্য আমরা প্রার্থনা করি। হে পিতা, যে শিশুরা এই মন্দ বিষয়ের অভিজ্ঞতা লাভ করেছে তাদের আরোগ্য দান করো। (গীত ১৪৭:৩)

২৯। হে ঈশ্বর, ফিলিপাইনের বেকার মহিলারা যখন উপযুক্ত চাকরীর অন্বেষণ করছে, তখন তারা যেন তাদের জোগানদাতা হিসাবে তোমার কাছে আসে। (গীত ৩৪:১০)

৩০। হে পিতা, তোমার সঙ্গে তাদের বিশ্বস্তভাবে চলার পথে ভিয়েতনামের খ্রীষ্টীয় মহিলাদের গভীরে বৃদ্ধি লাভ করতে শক্তি দাও। তারা যেন অন্য মহিলাদের কাছে যীশুর সুসমাচার সহভাগিতা করতে পারে এবং নতুন বিশ্বাসীদের শিষ্য করতে পারে। (২ তীমথিয় ২:২)

৩১। আমরা মঙ্গোলিয় ঘরগুলিতে শারীরিক এবং আবেগজনিত হিংস্রতার সমাপ্তির জন্য প্রার্থনা করি। হে পিতা, স্বামীরা যেন তোমার আজ্ঞা মতো তাদের স্ত্রীদের প্রেম করতে পারে। (কলসীয় ৩:১৯)

বাংলাদেশের জন্য বিশেষ প্রার্থনা

১। বর্তমানে বাংলাদেশে বিভিন্ন অঞ্চলে বন্যার পানি বেড়ে যাওয়াতে অনেক মানুষ তাদের বাড়ী ছেড়ে ডাঙ্গায় আশ্রয় নিয়েছে। প্রার্থনা করবেন যেন বাংলার মানুষ যেন এই কষ্টের মাঝেও আশা নিয়ে দিন পার করতে পারে এবং অনাহারে কষ্ট না পায়।

২। বাংলাদেশে অনেক মহিলা ও যুবতী মেয়েরা সেক্সট্রাফিকিং (Sextrafficking) এর ফাঁদে পরে জীবনে কাল অধ্যায় নেমে আসছে। প্রার্থনা করবেন যেন সেই সমস্ত মেয়েরা যেন সাধারণ জীবনে ফিরে আসতে পারে।

৩। বাংলাদেশের সর্বস্তরের মানুষ যেন সমাজে নারীদের স্থান নিশ্চিত করে এবং তাদের প্রাপ্য সম্মান দান করে, এবং নারীরা যেন ঈশ্বরের রাজ্য বিস্তারের জন্য অবদান রাখতে পারে এর জন্য বিশেষ প্রার্থনা করবেন।

৪। যে সমস্ত বিশ্বাসীগণ বিভিন্ন ভাবে অত্যাচারিত হচ্ছে ঈশ্বর যেন তাদের চাল হয়ে সমস্ত বিপদ থেকে রক্ষা করেন এবং তাদের মধ্য দিয়ে বাংলাদেশে যেন ঈশ্বরের রাজ্য বৃদ্ধি পায় এর জন্য প্রার্থনা করবেন।

৫। বাংলাদেশের সরকার এবং যারা বাংলাদেশের সাংগঠনিক দায়িত্বে রয়েছেন তারা যেন দেশ ও দশের জন্য সৎভাবে কাজ করতে এর জন্য বিশেষ প্রার্থনা করবেন।

후원안내

국민은행 851-01-0003-724 북방선교방송

최초 입금 후 사무실로 연락 주시기 바랍니다



Women of Hope Prayer Calendar

২। প্রতি মাসে প্রকাশিত 'প্রত্যাশাময়ী নারী' নামক প্রার্থনা পঞ্জিকাটি ১০০টি ভাসায় অনুবাদিত হচ্ছে এবং ৬৫০০০ এরও বেশি মানুষ এক সঙ্গে প্রার্থনা করছে।



2022. 07

এশিয়ার জন্য প্রার্থনা

কোরিয়ান টি ডব্লিউ আর উইমেন অফ হোপ সেবা কাজ উত্তর কোরিয়ায় 25 বছর ধরে বেতার সম্প্রচারের মাধ্যমে যিশু খ্রিস্টের সুসমাচার প্রচার করছে, যেখানে মিশনারিরা প্রবেশ করতে পারে না। এবং জাপানি আশাময়ী নারীর দল, যারা গত বছর থেকে সেবা কাজের জন্য প্রস্তুতি নিচ্ছে, তারা এই বছরের অক্টোবর মাসে বেতার সম্প্রচার শুরু হওয়া জন্য কঠোর প্রস্তুতি নিচ্ছে। দয়া করে প্রার্থনা করুন যে কোরিয়ান এবং জাপানি আশাময়ী মহিলারা তাদের ঈশ্বরের কাছে নিয়ে যাওয়ার জন্য মূল্যবান মাধ্যম হয়ে উঠবে।

TWR Korea 북방선교방송

서울특별시 관악구 양녕로 15, 월드빌딩 6층
전화 (02)886-5671 / 이메일 phkorea@twrk.or.kr

আন্তরিক ভাবে প্রার্থনা করছি।

১। হে পিতা, চীনদেশে অনলাইনে ধর্মীয় বিষয় প্রচারের বিরুদ্ধে নিষেধাজ্ঞা ক্রমাগত বৃদ্ধি পাওয়ার জন্য, সেখানে যারা কাজ করছেন তাদেরকে তুমি প্রজ্ঞা দাও যাতে তারা স্পষ্টভাবে তোমার ভালোবাসার কথা মানুষের কাছে বলতে সক্ষম হয়। (হিতোপদেশ ২:৭)

২। হে প্রভু, তুমি ভাষা সমন্বয়কারীদের শক্তি দাও এবং পরিচালিত করো যেহেতু তারা স্বেচ্ছাসেবকদের প্রার্থনার অংশীদার হওয়ার জন্য চিহ্নিত করেন এবং আশাময়ী নারী অনুষ্ঠানগুলির বিষয়ে দর্শকদের সম্পর্কগুলির জন্য সংযোগের প্রধান স্থান হিসাবে কাজ করেন। (যিশাইয় ২৮:২৯)

৩। হে পিতা, যেহেতু ইন্দোনেশিয়ার ৮০ শতাংশ মহিলা এখনও অন্ধকারে আছে, তাদেরকে কেবল স্বাস্থ্য সম্পর্কে অন্তর্দৃষ্টি দান না করে যীশুর বিষয় আত্মিক উপলব্ধিও দান করার জন্য ইন্দোনেশীয় এবং জাভানীজ ভাষায় আশাময়ী নারী অনুষ্ঠানগুলি ব্যবহার করো। (কলসীয় ১:৯)

৪। হে স্বর্গীয় পিতা, অনুগ্রহ করে দক্ষিণ কোরিয়ার মহিলাদের, বালিকাদের এবং মেধাগতভাবে অক্ষমদের ডিজিটাল এবং শারীরিক যৌন ব্যবসার হাত থেকে সুরক্ষিত করো। (গীত ৯১:৩)

৫। হে ঈশ্বর, কম্বোডিয়ার ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী দলটির মধ্যে অনুপ্রেরণা এবং সৃজনশীলতা আনো যেহেতু তারা বিভিন্ন মহিলাদের দলগুলির মধ্যে তোমার ভালোবাসা এবং আশা আনার জন্য বিভিন্ন প্রকল্প এবং অনুষ্ঠানগুলি তৈরী করে। (যাত্রা ৩৫:৩১)

৬। হে প্রভু, জাপানের যৌন পীড়িত মহিলা এবং শিশুদের উদ্ধার করো। তাদেরকে শারীরিকভাবে, মানসিকভাবে, এবং আত্মিকভাবে সুস্থ করো, এবং তারা যেন যীশু খ্রীষ্টে তাদের আশা খুঁজে পায়। (গীত ১০৩:৩-৫)

৭। হে পিতা, নেপালের অংশগ্রহণকারীদের তাদের পরিবারকে সাহায্য করার জন্য উপার্জন তৈরী করতে প্রাথমিক সেলাই এবং পোষাক তৈরী করার প্রশিক্ষণটিকে ব্যবহার করো এবং তারা যেন জীবনে শান্তি ও আনন্দ পেতে পারে। (গীত ১২৮:২)

৮। হে প্রভু, সাবুয়ানো, ইলোকানো এবং তাগালোগের আশাময়ী নারী অনুষ্ঠানগুলি ব্যবহার করো যাতে ফিলিপাইন দ্বীপপুঞ্জের মহিলাদের হৃদয় এবং জীবনে তা আশা আনে এবং স্পর্শ করে। (রোমীয় ১৫:১৩)

৯। হে পিতা, উত্তর ভিয়েতনামের প্রত্যন্ত এলাকাগুলির দরিদ্র মহিলাদের শক্তি দাও যারা তাদের শিশুদের এবং বৃদ্ধা বাবা মায়েদের সাহায্য করার জন্য কঠোর পরিশ্রম করে। (যিশাইয় ৪০:২৯-৩১)

১০। খাদ্য দ্রব্যের মূল্য মঙ্গোলিয়াতে বৃদ্ধি পাওয়ার দরুণ, স্বল্প আয়যুক্ত পরিবারগুলি টাকার অভাবে খাদ্যদ্রব্য ক্রয় করতে পারছে না। হে ঈশ্বর, তুমি তাদের দৈনিক প্রয়োজনগুলি পূরণ করো যাতে এই পরিবারগুলিকে ক্ষুধায় না থাকতে হয়! (গীত ৩৪:৬)

১১। হে প্রভু, সিঙ্গাপুরের যোগ্য মহিলাদের বিষয় যেন বিবেচনা করা হয় এবং তাদেরকে যেন উচ্চপদে চাকরী দানের ব্যবস্থা করা হয় তার জন্য আমরা প্রার্থনা করি। (হিতোপদেশ ৩১:৩১)

১২। হে ঈশ্বর, মেয়েদের থেকে ছেলেদের অধিক পছন্দ করার চীনের সামাজিক রীতিটি যেন বন্ধ হয়। আমরা যাত্রা করি মণ্ডলীগুলি যেন সমাজের ভ্রান্তি সৃষ্টিকারী মূল্যবোধগুলি অনুসরণ করার পরিবর্তে রাজ্যের মূল্যবোধগুলিকে অনুসরণ করে। (আদি ১:২৭)

১৩। হে প্রভু, আমরা তোমার প্রশংসা করি, যে মহিলাদের উপকারের জন্য আশাময়ী নারী বন্দ্যাত্ম, এবং ক্যানসারের উপর শিক্ষামূলক অনুষ্ঠানগুলি পরিচালনা করতে সক্ষম হয়েছে। (যিশাইয় ২৮:২৬)

১৪। হে পিতা, সারা ইন্দোনেশিয়ায় আত্মিক এবং ব্যবহারিক জীবনের তথ্যগুলি হাজার হাজার মানুষের কাছে সহভাগিতা করার উদ্দেশ্যে আশাময়ী নারী অনুষ্ঠানগুলি সম্প্রচারের জন্য ৬৪টি স্থানীয় স্টেশন দেওয়ার জন্য তোমাকে আমরা ধন্যবাদ জানাই। (২ করি ৯:১১-১২)

১৫। দক্ষিণ কোরিয়ায় প্রস্তুত আশাময়ী নারী অনুষ্ঠানগুলি যেন উত্তর কোরিয়ার মহিলারা শুনতে পায়, তারা যেন সুসমাচার বুঝতে পারে, তাঁর ভালোবাসা অনুভব করতে পারে এবং যীশু খ্রীষ্টকে লাভ করতে পারে তার জন্য আমরা প্রার্থনা করি। (যিশাইয় ২৮:২৩)

১৬। হে ঈশ্বর, কম্বোডিয়ার অনেক তরুণ তরুণীরা এবং মহিলারা হতাশার সঙ্গে সংগ্রাম করছে। তারা প্রত্যেকে যেন তোমার মধ্যে আশা এবং আরোগ্য খুঁজে পায়। (গীত ৯৪:১৯)

১৭। হে প্রভু, এশিয়ার যে মহিলারা তাদের দেশের পরিবারগুলিকে সাহায্য করার জন্য জাপানে কাজ করছে তাদের কাছে পরিব্রাণের সুসমাচার আনো। তাদেরকে নিঃসঙ্গতা, ভয়, ভগ্ন পারিবারিক সম্পর্কগুলি থেকে এবং মানবপাচার চক্রের হাত থেকে রক্ষা করো। (দিঃ বিঃ ৩১:৬)

১৮। হে পিতা, আমরা তোমার প্রশংসা করি যে নেপালে আশাময়ী নারী অনুষ্ঠানগুলি সম্প্রচারকারী স্টেশনগুলির সংখ্যা ২০২২ সালের মে মাসে ৮ থেকে ১৫তে বৃদ্ধি পেয়েছে। (১বংশাবলি ১৬:৯)

১৯। ফিলিপাইনসের অনেক স্বামী এবং স্ত্রীদের মধ্যে পরস্পরের সঙ্গে সম্পর্ক তৈরীর বিষয়ে সমস্যা হচ্ছে। হে পিতা, তাদের সম্পর্কের মধ্যে সংহতি আনো এবং কীভাবে পরস্পরের সঙ্গে সংযোগ স্থাপন করতে হবে সেই বিষয়ে তাদের শিক্ষা দাও। (১পিতর ৩:৮-১২)

২০। হে প্রভু, ভিয়েতনামের প্রাপ্ত বয়স্কদের হৃদয় পরিবর্তিত করো যারা তাদের সন্তানদের অপব্যবহার করছে, এর পরিবর্তে তাদেরকে যত্নশীল এবং সুরক্ষা দানকারী করো। কর্তৃপক্ষরা যেন তাদের লোকদের শিক্ষিত করে তোলে এবং এই মন্দ বিষয়টি বন্ধ করার জন্য তারা যেন উদ্যোগ গ্রহণ করে। (হিতোপদেশ ২৫:২৮)

২১। হে প্রভু, আমরা মঙ্গোলিয়াতে তরুণীদের গর্ভবতী হওয়ার হার বৃদ্ধি পাওয়ার বিরুদ্ধে প্রার্থনা করি। যুবক যুবতীদের যেন শিক্ষা দেওয়া হয় এবং তারা যেন বৈবাহিক সম্পর্কের মধ্যে যৌনতার বিষয়ে ঈশ্বরের পরিকল্পনা সম্পর্কে বুঝতে পারে। (১ থিমলনীকীয় ৪:৩-৬)

২২। আমরা প্রার্থনা করি চীন দেশের সমস্ত মহিলারা যেন ঈশ্বরে তাদের প্রকৃত পরিচয় জানতে পারে, তাদের পরিস্থিতিগুলি সত্ত্বেও তারা যেন তাদের আত্ম-মূল্যের বিষয়টি অনুভব করতে পারে। (ইফিষীয় ১:৪-৬)

২৩। হে প্রভু, কম্বোডিয়ার ঘরোয়া অত্যাচারকারী পুরুষদের হৃদয় পরিবর্তনের জন্য এবং যে সমস্ত মহিলারা এই বিষয়ে অত্যাচারিত হয়েছে তাদের সার্বিক আরোগ্যের জন্য আমরা প্রার্থনা করি। (যিশাইয় ২৯:২৪)

২৪। হে প্রভু, যে সকল মহিলারা আশাহীন তারা যেন জীবনে আশা ও শান্তি লাভ করে। (তীত ২:১,৩-৫)

২৫। হে ঈশ্বর, ২০ বছর যাবৎ ইন্দোনেশিয়ার আশাময়ী নারী অনুষ্ঠানগুলি প্রস্তুত করার এবং সম্প্রচার করার খরচ চালানোর জন্য বিশৃঙ্খল অনুদান দানকারী দেওয়ার জন্য আমরা তোমার প্রশংসা করি। (যোহন ৩:২১)

২৬। হে ঈশ্বর, আমরা তোমার প্রশংসা করি এবং তোমাকে ধন্যবাদ দিই, যেহেতু দক্ষিণ কোরিয়ার পরিবারগুলি শক্তিশালী হয়েছে এবং সেখানে বিবাহবিচ্ছেদ অনেক কমে গেছে কারণ কোভিড ১৯ অতিমারীর কারণে তাদের অধিক সময় ঘরেই থাকতে হয়েছে। (গীত ১৩৩:১)